

AKASHVANI(Kolkata)
Regional News Unit

Date: 30-11-2025

Desk in Charge : SDG

Time : 7-35 A.M.

Compiling : Sudip B.

DEO : KB

NRT : Sudip Basu

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর:-

১/ রাজ্যের ভোটার তালিকা থেকে কোনো যোগ্য ভোটারের নাম বাদ না পড়া এবং
অযোগ্য ভোটারদের তালিকায় অন্তর্ভুক্ত না হওয়া সুনিশ্চিত করতে নির্বাচন কমিশন,
জেলা নির্বাচনী আধিকারিক এবং ERO-দের স্পষ্ট নির্দেশ দিয়েছে।

২) অবাধ ও সুষ্ঠু নির্বাচনের জন্য SIR অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ, এই প্রক্রিয়ায় বাধা
দান গণতন্ত্রের পক্ষে সঠিক নয় বলে রাজ্যপাল ডষ্টের সি ভি আনন্দ বোস মন্তব্য
করেছেন। # পশ্চিমবঙ্গে রাজভবনের নাম বদলে ‘লোকভবন’ করা হয়েছে।

৩/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আজ আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর
চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।

৪/ রাজ্য পুলিশের কনস্টেবল নিয়োগের জন্য আজ পরীক্ষা নেওয়া হবে। #এজন্য
বেশি সংখ্যায় EMU লোকাল চালাবে পূর্ব রেল।

৫/ সৈয়দ মুস্তাক আলি ট্রফি ক্রিকেটে আজ হায়দ্রাবাদে বাংলা, পাঞ্জাবের মুখোমুখি
হবে।

রাজ্যের ভোটার তালিকা থেকে কোনো যোগ্য ভোটারের নাম বাদ না পড়া এবং অযোগ্য ভোটারদের তালিকায় অন্তর্ভুক্ত না হওয়া সুনিশ্চিত করতে নির্বাচন কমিশন, জেলা নির্বাচনী আধিকারিক এবং ERO-দের স্পষ্ট নির্দেশ দিয়েছে।

বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী SIR-এর কাজের অগ্রগতি পর্যালোচনায় গতকাল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, নির্বাচন কমিশন নিযুক্ত স্পেশাল রোল অবসার্ভার সুরুত গুপ্ত এবং ১২ জন ERO-র সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বৈঠক করেন। উপস্থিত ছিলেন বিভিন্ন জেলার নির্বাচনী আধিকারিকরাও। ওই বৈঠকে, সুষ্ঠুভাবে SIR প্রক্রিয়া সম্পূর্ণ করার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে। এর আগে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক, কলকাতার বেঙ্গল চেম্বার অফ কমার্সে ইলেকটোরাল রোল অবসার্ভারদের সঙ্গে এক বৈঠক করেন।

ভোটার তালিকার নিবিড় সংশোধন কর্মসূচীতে শবর জনজাতির কারো নাম যাতে বাদ না পড়ে, তা' দেখতে প্রশাসনের তরফ থেকে আবেদন জানানো হয়েছে। গতকাল পুরুলিয়ার রাজনোয়াগড়ে দুদিন ব্যাপী ৪২ তম শবর মেলার সূচনা অনুষ্ঠানে পুরুলিয়া পুরসভার প্রধান নব্যেন্দু মাহালি বলেন, যে সমস্ত স্বেচ্ছাসেবী সংগঠন শবরদের নিয়ে কাজ করছেন, তাদের এই বিষয়ে অগ্রণী ভূমিকা নিতে হবে। শবর সংস্কৃতির নানা দিক, এই মেলায় তুলে ধরা হচ্ছে। রয়েছে শবর হস্তশিল্প প্রদর্শন, আলোচনা ও বিজ্ঞান বিষয়ক প্রদর্শনী।

অবাধ ও সুষ্ঠু নির্বাচনের জন্য SIR অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ, এই প্রক্রিয়ায় বাধা দান গণতন্ত্রের পক্ষে সঠিক নয় বলে রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস মন্তব্য করেছেন।

গতকাল সাংবাদিকদের কাছে তিনি বলেন, BLO-এর নিরাপত্তা নিশ্চিত করাও রাজ্য সরকারের কর্তব্য।

পশ্চিমবঙ্গের রাজভবনের নাম ‘লোকভবন’ করা প্রসঙ্গে রাজ্যপাল বলেন, রাজভবনে তরফে তিনি রাষ্ট্রপতির কাছে এই পরিবর্তনের জন্য অনুরোধ করেছিলেন। গতকাল এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের অনুমতিক্রমে কলকাতা ও দার্জিলিংয়ের রাজভবন, ব্যারাকপুরের ফ্ল্যাগ স্টাফ হাউসের নাম পরিবর্তন করে লোকভবন করা হল।

(বাইট- রাজ্যপাল)

এসআইআর প্রক্রিয়ার সময়সীমা বাঢ়ানো, সুষ্ঠু এবং পরিকল্পনামাফিক কাজ সহ একাধিক দাবিতে গতকাল মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের সামনে বিক্ষেপ দেখায় বিএলও অধিকার রক্ষা কর্মসূচি। CEO মনোজ কুমার আগারওয়ালের সঙ্গে দেখা করার দাবিতে জোর করে দপ্তরের ভিতরে ঢোকার চেষ্টা করেন তারা। পুলিশ তাদের বাধা দেওয়ায় দুপক্ষের ধন্তাধন্তি বাধে। মনোজ আগারওয়ালের গাড়ি আটকেও বিক্ষেপ দেখানো হয়। মুর্শিদাবাদের খড়গামে কর্তব্যরত অবস্থায় মৃত বিএলও জাকির হোসেনের পরিবারের লোকেরা গতকাল CEO-র সঙ্গে দেখা করতে তার দপ্তরে যান। প্রথমে তাদের চুক্তে দেওয়া হয়নি বলে অভিযোগ। যদিও পরে তাদের সঙ্গে দেখা করেন মুখ্য নির্বাচনী আধিকারিক।

এদিকে, বিএলও-দের সন্ত্রাসের আবহে কাজ করতে হচ্ছে বলে বিজেপির রাজ্য সভাপতি শামিক ভট্টাচার্য মন্তব্য করেছেন। এসআইআর-এর কাজে রাজ্য সরকার তাদের সঙ্গে অসহযোগিতা করছে বলে তাঁর অভিযোগ।

(বাইট শমীক)

ভোটকর্মী এবং BLO এক্য মঞ্চ, রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী বা SIR প্রক্রিয়ায় নিযুক্ত স্কুল শিক্ষক ও সরকারি কর্মীদের আগামী চৌথা ডিসেম্বরের পর তাদের কর্মস্থলে ফিরিয়ে দেওয়ার দাবি জানিয়েছে। পাশাপাশি BLO দের ভাতা ২০ হাজার টাকা পর্যন্ত বৃদ্ধি ও যেসব BLO মারা গেছেন তাঁদের পরিবারে উপযুক্ত ক্ষতিপূরণ এরও দাবি জানানো হয়েছে। গতকাল সন্ধ্যায় মঞ্চের সাধারণ সম্পাদক স্বপন মন্ডলের নেতৃত্বে এক প্রতিনিধি দল BLO-দের এরকম বিভিন্ন দাবি দাওয়া নিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে স্মারকলিপি দেন।

ভোটার তালিকার বিশেষ সংশোধনের জন্য ‘স্পেশাল অবসার্ভার’ নিয়োগের পদক্ষেপকে স্বাগত জানিয়েছেন, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। গতকাল সাংবাদিকদের কাছে তিনি ফের বলেন, ভোটার তালিকা থেকে বিপুল সংখ্যক অবৈধ ভোটার এবং অনুপ্রবেশকারীদের নাম বাদ যাবে।

(বাইট- শুভেন্দু)

এদিকে, সীমান্তে কাঁটাতার দেওয়া নিয়ে রাজ্য সরকারের ভূমিকার তীব্র সমালোচনা করেছেন, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। গতকাল উত্তর ২৪ পরগণার বিরাটিতে ‘পরিবর্তন সংকল্প সভা’-য় যোগ দিয়ে তিনি বলেন, কাঁটাতারের বেড়া নিয়ে কাজের অগ্রগতি সম্পর্কে সুপ্রিম কোটে ইতিবাচক তথ্য দেওয়ার বদলে রাজ্য সরকার বার বার সময় চাইছে বলেও অভিযোগ করেন তিনি।

প্রতিবেশী মহিলাকে মা' সাজিয়ে ভোটার তালিকায় নাম তোলার অভিযোগ উঠেছে বনগাঁ পুরসভার ২২ নম্বর ওয়ার্ডে। জানা গেছে, অনুপ বিশ্বাস এবং চম্পা বিশ্বাস নামে সম্পর্কে ভাই-বোন, তাঁদের প্রতিবেশী ভুলি বিশ্বাসকে 'মা' হিসেবে দেখিয়ে নাম তুলেছেন ভোটার তালিকায়। এর বিরুদ্ধে প্রশাসনের দ্বারা হয়েছে পরিবারটি। ভুলি বিশ্বাসের ছেলে অনুপ বিশ্বাস আগেই মারা গেছেন বলে তাঁরা জানিয়েছেন। অভিযোগ পেয়ে তদন্ত শুরু করেছে প্রশাসন।

কোচবিহারের তুফানগঞ্জে সিপিআইএম-এর 'বাংলা বাঁচাও যাত্রা'র গতকাল শুরু হয়েছে। এক সমাবেশের পর দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম এর সূচনা করেন। উপস্থিত ছিলেন দলের কেন্দ্রীয় কমিটির সদস্য মীনাক্ষী মুখার্জী সহ জেলা নেতৃত্ব। আগামী ১৭ ই ডিসেম্বর উভৰ ২৪ পরগণার কামারহাটিতে এই যাত্রা শেষ হবে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আজ আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৮-তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অনএ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় শোনা যাবে এর তর্জমা।

সংবাদমাধ্যম এবং সরকারের সংযোগ আরো মজবুত করতে পি আই বি কলকাতা শিলিঙ্গড়িয়ে আয়োজন করেছিল সাংবাদিকদের জন্য কর্মশালা বার্তালাপ। দার্জিলিং লোকসভা কেন্দ্রের সাংসদ রাজু বিস্তা জানালেন, নতুন শ্রমিক বিধি কল্যানমূলক এবং সকল শ্রমিকের স্বার্থে উপকারি।

(বাইট- রাজু বিস্তা)

উপস্থিত ছিলেন PIB-র ডিজি TVK রেডিও এবং ADG জেন নামচু সহ CBC-কলকাতার ডিজি টিভিকে রেডিও এবং এডিজি জেন নামচু সহ উচ্চপদস্থ আধিকারিক এবং শিলিঙ্গড়ি ও পার্শ্ববর্তী জেলার সংবাদ প্রতিনিধিরা।

রাজ্য পুলিশের কনস্টেবল নিয়োগের লিখিত পরীক্ষা আজ রবিবার, ৩০ নভেম্বর অনুষ্ঠিত হতে চলেছে। রাজ্য পুলিশের ১১ হাজারেরও বেশি শূন্যপদে নিয়োগের জন্য রাজ্যজুড়ে অসংখ্য পরীক্ষা কেন্দ্র করা হয়েছে। পরীক্ষার স্বচ্ছতা, নিরাপত্তা ও নির্বিঘ্ন পরিচালনার লক্ষ্যে পুলিশ ও প্রশাসন ইতিমধ্যেই সবরকম প্রস্তুতি সম্পূর্ণ করেছে।

এ বছরের পরীক্ষায় কয়েকটি গুরুত্বপূর্ণ নিয়মে বদল আনা হয়েছে। সিভিক ভলান্টিয়ার, ভিলেজ পুলিশ ও অন্যান্য সহযোগী পুলিশকর্মীরাও এবার কনস্টেবল নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ পাচ্ছেন, যা অনেকের কাছেই বড় সুযোগ হিসেবে দেখা হচ্ছে। পাশাপাশি সংরক্ষিত আসনের নিয়ম আগের মতোই বজায় থাকবে।

কনস্টেবল নিয়োগের পরীক্ষায় চাকরীপ্রার্থীদের যাতায়াতের সুবিধার্থে আজ পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন শহরতলীতে বেশি সংখ্যায় EMU লোকাল চালাবে। সকাল ৯ টা

থেকে দুপুর ৩ টে পর্যন্ত রবিবারের বাতিল থাকা ট্রেনগুলি অন্যান্য কাজের দিনের মতই চলাচল করবে বলে রেল সূত্রের খবর।

উল্লেখ্য, কনস্টেবল নিয়োগের লিখিত পরীক্ষা আগামীকাল নেওয়া হবে। ১১ হাজারেরও বেশি শূন্যপদ রয়েছে বলে জানা গেছে।

নদীয়া জেলাতে প্রধানমন্ত্রী টিবি মুক্তি ভারত অভিযানের কাজ এগিয়ে চলেছে। ‘নিষ্কয় মিত্র’ প্রকল্পে কৃষ্ণনগর এক নম্বর ব্লকের বিষ্ণুপুর গ্রামীণ হাসপাতালে গতকাল যক্ষা রোগে আক্রান্তদের হাতে পুষ্টিকর খাবার তুলে দেওয়া হয়। খাবার তুলে দেন লায়ন্স ক্লাব অফ কৃষ্ণনগরের ডাক্তার সাজিদ মেনন, বিএমওএইচ রাজা দাস সহ অনেকেই। এই উপলক্ষ্যে এক অনুষ্ঠানে যোগ দিয়ে ডাক্তার সাজিত মেনন, টিবি রোগাক্রান্ত হওয়ার কিছু কারণ তুলে মেলে ধরেন। বিষ্ণুপুর গ্রামীণ হাসপাতালের ব্লক স্বাস্থ্য আধিকারিক রাজা দাস জানিয়েছেন, দীর্ঘদিন কাশি হলে দেরি না করে সত্ত্বর নিকটবর্তী স্বাস্থ্য কেন্দ্রে কফ পরীক্ষা করা অত্যন্ত জরুরি। পাশাপাশি আক্রান্ত ব্যক্তিদের স্বাস্থ্য কেন্দ্র থেকে ওষধ সংগ্রহ করার কথাও বলেন তিনি।

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ পদার্থবিজ্ঞানী, জীববিজ্ঞানী আচার্য জগদীশচন্দ্র বসুর ১৬৮-তম জন্মদিনে তাকে স্মরণ করা হবে ও শ্রদ্ধা জ্ঞাপন করা হবে। জগদীশচন্দ্র বসু ব্যবহারিক ও গবেষণাধর্মী বিজ্ঞানচর্চায় ব্রতী ছিলেন। বেতার তরঙ্গ, পদার্থ বিজ্ঞান নিয়ে গবেষণার কাজে যুক্ত থেকেছেন জগদীশচন্দ্র বসু। ১৮৯৫ সালে জগদীশচন্দ্র বসু অতিক্ষুদ্র তরঙ্গের মাধ্যমে এক স্থান থেকে অন্য স্থানে তরঙ্গ প্রেরণে সাফল্য লাভ করেছিলেন। ১৯১৭ সালে আচার্য জগদীশচন্দ্র বসু পদার্থবিজ্ঞান, জীববিজ্ঞান ও অন্যান্য

বিষয়ে গবেষণার জন্য কলকাতায় বোস ইনসিটিউট বা বসু বিজ্ঞান মন্দির প্রতিষ্ঠা
করেন।

সৈয়দ মুস্তাক আলি ট্রফি ক্রিকেটে হায়দ্রাবাদের জিমখানা মাঠে আজ বাংলা, পাঞ্চাবের
বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সকাল ৯ টায়।

অন্যদিকে, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সল্টলেক ক্যাম্পাসের মাঠে চগীগড়, মহারাষ্ট্রের
বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সকাল সাড়ে আটটায়।
